

সরকারের সঙ্গে সমন্বয়

লিয়াজেঁ কমিটি গঠন শিক্ষার্থীদের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশিত: ০০:২৯, ৯ আগস্ট ২০২৪



লিয়াজেঁ কমিটি গঠন শিক্ষার্থীদের

অন্তর্বর্তীকালীন সরকারকে পরামর্শদান, সরকার, অংশীজন এবং ছাত্রজনতার সঙ্গে সমন্বয় করতে লিয়াজেঁ কমিটি ঘোষণা করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (ডুজা) কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মো. নাহিদ ইসলাম। এই লিয়াজেঁ কমিটির পরামর্শে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টাদের নির্বাচন করা হয়েছে বলে জানা গেছে।

সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বলেন, গত ৫ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকারের জন্য বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে একটি লিয়াজেঁ কমিটি গঠন করা হয়েছিল। লিয়াজেঁ কমিটিই অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা বাছাই করেছিল। লিয়াজেঁ কমিটির আনুষ্ঠানিক ঘোষণার জন্যই এই সংবাদ সম্মেলন।

তিনি বলেন, গত ৫ আগস্ট অভ্যুত্থান পরবর্তী অন্তর্বর্তীকালীন ছাত্র-জনতার সরকারের

রূপরেখা, অন্তর্বর্তীকালীন সরকারের অংশীজন নির্ধারণে মাহফুজ আলমকে সমন্বিত করে লিয়াজেঁ কমিটি ঘোষিত হয়। লিয়াজেঁ কমিটির রাজনৈতিক সংগঠন পেশাজীবী সংগঠন এবং সিভিল সোসাইটি থাকবে বলে জানান তিনি।

লিয়াজেঁ কমিটি উচ্চঅংশীজনের সঙ্গে সাক্ষাৎ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বের কাছে অন্তর্বর্তীকালীন সরকারের অংশীজনের নাম প্রস্তাব করেন জানিয়ে নাহিদ বলেন, ৬ তারিখে লিয়াজেঁ কমিটির সমন্বয়ক মাহফুজ আলম এবং সদস্য নাসির উদ্দিন পাটোয়ারী বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকে ছাত্র-শিক্ষক প্রতিনিধি ১৫ জনের টিমে অন্তর্ভুক্ত ছিলেন।



অন্তর্বর্তীকালীন সরকারের রূপরেখা ও সরকারের অংশীজন নির্ধারণে সহায়তার কাজ করে যাচ্ছে লিয়াজেঁ কমিটি। আশু সরকার গঠন পরবর্তী রাষ্ট্রের নতুন রাজনীতি বন্দোবস্তের লক্ষ্যে কাজ করে যাবে এ কমিটি।

নাহিদ ইসলাম আরও বলেন, ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালেও লিয়াজেঁ কমিটির ওই দুইজন সদস্য উপস্থিত ছিলেন। লিয়াজেঁ কমিটি আমাদের কাছে যে প্রস্তাবনাটি করেছিলেন সে সদস্যদের প্রস্তাবনাটি ড. ইউনূসের সামনে পেশ করেছি। তিনি এতে সম্মত হয়েছেন। সকলের সম্মতিক্রমে সেই তালিকাটি মহামান্য রাষ্ট্রপতির কাছে পৌঁছানোর ব্যবস্থা করেছি।

নাহিদ আরও বলেন, লিয়াজেঁ কমিটি আগামী বাংলাদেশ রাষ্ট্রের নতুন রাজনৈতিক বন্দোবস্তের জন্য সকল অংশীজনের সঙ্গে সংলাপ ও প্রস্তাবনার জন্য কাজ করবে। উদ্ভূত পরিস্থিতি অনুযায়ী লিয়াজেঁ কমিটির কাজের পরিধি বর্ধিত হবে। কমিটির সদস্য সংখ্যা সকল দলমতের সঙ্গে সংলাপের ভিত্তিতে আরও বর্ধিত এবং অন্তর্ভুক্তিমূলক হবে বলে জানান তিনি। সংবাদ সম্মেলনে লিয়াজেঁ কমিটির সমন্বয়ক মাহফুজ আব্দুল্লাহ বলেন, ‘বাংলাদেশ রাষ্ট্রের যত অংশীজন আছে সবার সঙ্গে আলাপ, পরামর্শ, ডিবেট এবং ডায়ালগের ভিত্তিতে প্রস্তাবনা হাজির করা লিয়াজেঁ কমিটির কাজ। এক্ষেত্রে সরকার নাগরিক সমাজ এবং ছাত্র আন্দোলনের মধ্যে সমন্বয় করা হবে লিয়াজেঁ কমিটির কাজ।

লিয়াজেঁ কমিটির ছয় সদস্য হলেন, সমন্বয়ক মাহফুজ আব্দুল্লাহ, সদস্য নাসির উদ্দিন পাটোয়ারী (নাসির আব্দুল্লাহ), আকরাম হুসাইন, ভূঁইয়া আসাদুজ্জামান, মামুন আব্দুল্লাহিল, আরিফুল ইসলাম আদীব। তারা সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন নাসির আব্দুল্লাহ, আকরাম হুসাইন, আরিফুল ইসলাম আদীব, আসিফ মাহমুদ প্রমুখ।